সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজিঃ নং ডিএ-৪৬২ ❑ ৪৮তম বর্ষ ❑ ৭ম সংখ্যা ❑ কার্তিক-১৪৩১, অক্টোবর-নভেম্বর-২০২৪ ❑ পৃষ্ঠা ৮

কৃষি খাতে দক্ষ উদ্যোক্তা তৈরির আবশ্যক ২

বাংলাদেশের কীটনাশক নীতির জন্য গুরুত্বপূর্ণ সংস্কারের ... ৩

পাবনায় উদ্যোগী ও অগ্রসর কৃষকদের প্রশিক্ষণ অনুষ্ঠিত ৫

বার্ষিক গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা ... ৬

পাটের হারানো গৌরব ফিরিয়ে আনতে কাজ করছে সরকার –মাননীয় কৃষি উপদেষ্টা

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) রাজধানীর মানিক মিয়া এভিনিউস্থ বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট মিলনায়তনে গবেষক ও বিজ্ঞানীদের সাথে মতবিনিময় সভায় বক্তব্য দেন ও বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট পরিদর্শন করেন

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বলেছেন, সরকার পাটের হারানো গৌরব ফিরিয়ে আনতে কাজ করছে। মাননীয় উপদেষ্টা ২৮ অক্টোবর ২০২৪ রাজধানীর মানিক মিয়া এভিনিউস্থ বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট মিলনায়তনে গবেষক ও বিজ্ঞানীদের সাথে মতবিনিময় শেষে সাংবাদিকদের ব্রিফ কালে এসব কথা বলেন। এ সময় কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান ও বাংলাদেশের পাট গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নার্গিস আক্তার উপস্থিত ছিলেন। মাননীয় উপদেষ্টা পাটের তৈরি পণ্য সবচেয়ে বেশি পরিবেশবান্ধব

এরপর পৃষ্ঠা ৬ কলাম ১

কৃষি মন্ত্রণালয়ে *Voluntary National Reviews* এর দলিল প্রস্তুতের জন্য এসডিজির অভীষ্টভিত্তিক অগ্রগতি বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান সম্মানিত সচিব, কৃষি মন্ত্রণালয়

২০২৪-২৫ অর্থবছরে টেকসই উন্নয়ন অভীষ্টের Voluntary National Reviews (VNRS) এর দলিল প্রস্তুতের জন্য এসডিজির অভীষ্টভিত্তিক অগ্রগতি বিষয়ক সেমিনার কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ ২২ অক্টোবর ২০২৪ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সম্মানিত সচিব, কৃষি মন্ত্রণালয়। এ ছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ অন্তবর্তী সরকারের মহাপরিচালক (এসডিজি) জনাব শিহাব কাদের, কৃষি মন্ত্রণালয়ের

এরপর পৃষ্ঠা ৬ কলাম ১

কৃষি উপদেষ্টার সাথে অস্ট্রেলিয়ার হাইকমিশনারের সৌজন্য সাক্ষাৎ

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) এর সাথে ঢাকায় নিযুক্ত অস্ট্রেলিয়ার হাইকমিশনার (ভারপ্রাপ্ত) মিজ নার্ডিয়া সিম্পসন রাজধানীর সচিবালয়স্থ কৃষি মন্ত্রণালয়ের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) এর সাথে রাজধানীর সচিবালয়স্থ কৃষি মন্ত্রণালয়ের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত অস্ট্রেলিয়ার হাই কমিশনার (ভারপ্রাপ্ত) মিজ নার্ডিয়া সিম্পসন। শুরুতে কৃষি উপদেষ্টা হাইকমিশনার ও তাঁর প্রতিনিধিদলকে শুভেচ্ছা জানান। সাক্ষাৎকালে দুই দেশের কৃষি, কৃষি পণ্য রপ্তানি, কারিগরি প্রশিক্ষণ, গবেষণা, কৃষি খাতের দক্ষ শ্রম শক্তি রপ্তানি ও রোহিঙ্গাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

অস্ট্রেলিয়ার সাথে বাংলাদেশের বন্ধুত্ব দীর্ঘ দিনের উল্লেখ করে মাননীয় কৃষি উপদেষ্টা বলেন দুই দেশের মধ্যে বাণিজ্য সম্পর্ক

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

নারায়ণগঞ্জ আড়াইহাজার কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ

উপজেলা কৃষি অফিস আড়াইহাজার নারায়ণগঞ্জের উদ্যোগে ২০২৪-২৫ অর্থবছরে প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ ১৫ অক্টোবর ২০২৪ অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো: নাহিদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোসা: শারমিন আরা খন্দকার, অতিরিক্ত কৃষি অফিসার, নারায়ণগঞ্জ। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষিবিদ মাহমুদুল হাসান ফারুকী, উপজেলা কৃষি অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

অনুষ্ঠানে উপজেলা কৃষি অফিসার, কৃষকদের উদ্দেশ্যে বলেন, এ প্রণোদনা বিতরণ কার্যক্রমের মাধ্যমে কৃষকদের মাঝে নতুন নতুন জাত সম্প্রসারিত হচ্ছে। বিনামূল্যে কৃষকরা সার এবং বীজ পাওয়াতে কৃষকদের উৎপাদন খরচ কমে যাচ্ছে। এ প্রণোদনা কার্যক্রম সার্বিকভাবে নারায়ণগঞ্জ জেলার কৃষি উৎপাদন বৃদ্ধিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ ছাড়াও তিনি আরো বলেন, আড়াইহাজার উপজেলায় স্মার্ট কৃষক নামে একটি সফটওয়্যার এবং (www.smartkrishok.com.bd) নামে ওয়েবসাইট ডেভেলপ করা হয়েছে, যার মাধ্যমে কৃষকরা সরাসরি ছবি তুলে তাদের বিভিন্ন রকম সমস্যা এবং চাহিদা কৃষি অফিসের সাথে শেয়ার করতে পারে। কৃষকদের প্রেরিত সমস্যা এবং চাহিদাগুলো কৃষি অফিসের কর্মকর্তাবৃন্দ খুবই স্বল্প সময়ে সমাধান করতে পারছেন।

উল্লেখ্য, উক্ত অর্থবছরে এ পর্যন্ত ২২০০ জন কৃষককে সরিষা, ১০০ জন কৃষককে চীনাবাদাম, ১১০ জন কৃষককে পেঁয়াজ, ৬০০ জন কৃষককে সবজি, ৮০ জন কৃষককে গম, ১৫০ জন কৃষককে মসুর বীজ বিতরণ করা হয়েছে। *আশিষ তরফদার, কৃতসা, ঢাকা*

কৃষি খাতে দক্ষ উদ্যোক্তা তৈরির আবশ্যক

সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. নাজমুন নাহার করিম নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি

গাজীপুরের ন্যাশনাল এগ্রিকালচার ট্রেনিং একাডেমির (নাটা) দৃকালয় অডিটোরিয়ামে Agri Entrepreneurship: Opportunities and Challenges শীর্ষক সেমিনার ২৩ অক্টোবর ২০২৪ অনুষ্ঠিত হয়। ন্যাশনাল এগ্রিকালচার ট্রেনিং একাডেমি (NATA) এর মহাপরিচালক মো. আব্দুর রহিম এ সেমিনারের সভাপতিত্ব করেন। সেমিনারের প্রধান অতিথি বিএআরসি এর নির্বাহী চেয়ারম্যান ড. নাজমুন নাহার করিম। সেমিনারের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি তথ্য সার্ভিসের পরিচালক মোহাম্মদ মসিহুর রহমান। কৃষি উদ্যোক্তা: সুযোগ এবং চ্যালেঞ্জের উপর মূল বক্তব্য উপস্থাপন করেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি ব্যবসা ব্যবস্থাপনা অনুষদের অধ্যাপক ড. মোহাম্মদ মিজানুল হক কাজল।

সেমিনারে উপস্থিত বক্তারা বলেন বাংলাদেশ এখনো কৃষিনির্ভর দেশ। কৃষি খাতে দক্ষ উদ্যোক্তা তৈরির মাধ্যমে কৃষিকে আধুনিক ও সম্মানজনক পেশায় পরিণত করা আবশ্যক। শিক্ষিত যুবকরা যাতে নির্দ্বিধায় এ পেশায় অংশগ্রহণ করতে পারে। বাংলাদেশের উচ্চফলনশীল ফসল বা প্রাণিসম্পদ দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় খাদ্য নিরাপত্তায় বিশেষ অবদান রেখে চলেছে। মূলত অধিক ফলন সম্ভাবনা সম্পন্ন বীজ, প্রাকৃতিক সম্পদ উন্নয়ন এবং সার সেচ ব্যবস্থা কাজে লাগিয়ে সম্ভব হয়েছে এ উন্নয়ন।

সেমিনারে ন্যাশনাল এগ্রিকালচার ট্রেনিং একাডেমির কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরের প্রতিনিধি, উদ্যোক্তা, কৃষক প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। *সংবাদ বিজ্ঞপ্তি, কৃষি তথ্য সার্ভিস*

খুলনা কৃষি অঞ্চলে জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের আওতায় কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

উপজেলা কৃষি অফিস বাগেরহাট সদর কর্তৃক আয়োজিত ২০২৪-২৫ অর্থবছরে ক্লাইমেট-স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের দিনব্যাপী ১৭ অক্টোবর ২০২৪ উপজেলা কৃষি অফিস হলরুমে কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় । উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রশিক্ষণ অফিসার জনাব আবদুল্লাহ আল মামুন, অতিরিক্ত উপপরিচালক (উদ্ভিদ সংরক্ষণ) জনাব মো. ওমর ফারুক, উপজেলা কৃষি অফিসার জনাব তন্ময় দত্ত, অতিরিক্ত কৃষি অফিসার জনাব নুরেজান্নাত, কৃষি সম্প্রসারণ অফিসার জনাব শেখ নাইমুর রশিদ লিখন ও বিভিন্ন ইউনিয়ন থেকে আগত কৃষক-কৃষাণিবৃন্দ।

কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠানে কৃষকদের জলবায়ু পরিবর্তনের কৃষির বিভিন্ন দিকগুলো মোকাবিলা করে টেকসই কৃষি সম্প্রসারণের জন্য উদ্ভাবিত নতুন নতুন প্রযুক্তি ও চাষাবাদ পদ্ধতি সম্পর্কে সম্যক ধারণা দেওয়া হয়। প্রশিক্ষণের প্রত্যাশিত সুফল সেই সাথে কৃষি যন্ত্রপাতি নিয়ে আলোচনা করা হয়। এ ছাড়াও এ সময় রবি মৌসুমে চাষের জন্য কৃষকদের মাঝে সবজির বীজ প্রদান করা হয় ।

মো: আসাদুজ্জামান, কৃতসা, খুলনা

কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠানে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী

বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলে পলিনেট হাউজ পরিদর্শন

বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলে ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় স্থাপিত পলিনেট হাউজ পরিদর্শন করেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (বীজ), জনাব মোঃ আবু জুবাইর হোসেন বাবলু। তিনি পলিনেট হাউজের উপকারভোগী কৃষকের সাথে কৃষি বিষয়ক বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন এবং কিভাবে সবজি বীজ ও চারা দ্রুত উৎপাদন করা যায় সে বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন। পরিদর্শন কালে আরো উপস্থিত ছিলেন, ডিএই এর ময়মনসিংহ অঞ্চলের অতিরিক্ত পরিচালক, কৃষিবিদ ড. সালমা লাইজু, উপপরিচালক কৃষিবিদ ড. নাছরিন আক্তার বানু, উক্ত প্রকল্পের পিডি মোহাম্মদ জিয়াউর রহমান, উপজেলা কৃষি অফিসার জুবায়রা বেগম সাথী, ময়মনসিংহ সদর ও সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাসহ কৃষক-কৃষানীগণ (০১ নভেম্বর ২০২৪)।

জনাব মোঃ আবু জুবাইর হোসেন বাবলু, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয় বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলে পলিনেট হাউজ পরিদর্শন করেন

মো: খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ

বাংলাদেশের কীটনাশক নীতির জন্য গুরুত্বপূর্ণ সংস্কারের বৈধতা দিতে সিলেটে স্টেকহোল্ডারদের সমাবেশ

কর্মশালায় প্রধান অতিথি কৃষিবিদ মো. ছাইফুল আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা

সিলেটে USAID Feed the Future Bangladesh Policy Link Agricultural Policy Activity প্রোগ্রামের আওতায় দিনব্যাপী Regional Validation Workshop on National Pesticide Policy সিলেট এর অভিজাত হোটেল রোজভিউ এর সেমিনার কক্ষে ২৪ অক্টোবর ২০২৪ অনুষ্ঠিত হয়।

কর্মশালায় কৃষিবিদ মো. মতিউজ্জামান, অতিরিক্ত পরিচালক, ডিএই, সিলেট অঞ্চল, সিলেট এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মো. ছাইফুল আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। প্রধান অতিথি মূল সুপারিশের কৌশলগত গুরুত্বের উপর জোর দিয়ে বক্তব্যে বলেন কর্মশালার মূল উদ্দেশ্য কীটনাশক নীতির দূর্বল অংশগুলি বন্ধ করতে সাহায্য করবে এবং আন্তর্জাতিক মান পূরণে বাংলাদেশকে ভালো অবস্থানে আনতেও সাহায্য করবে, আমাদের কৃষি রপ্তানির জন্য নতুন বাজারের দ্বার উন্মোচন করবে।

উক্ত কর্মশালা বাংলাদেশের কৃষি খাতকে শক্তিশালী করার জন্য এবং এর রপ্তানি সক্ষমতা বাড়ানোর জন্য গুরুত্বপূর্ণ কীটনাশক নীতি এবং সিস্টেমের সমস্যা সমাধানের উপর কী-নোট উপস্থাপনা করেন আবু নোমান ফারুখ আহমেদ, কনসালটেন্ট এন্ড প্রফেসর, কীটনাশক নীতি এবং উদ্ভিদ রোগবিদ্যা *এরপর পৃষ্ঠা ৭ কলাম ১*

পাবনায় জিংকসমৃদ্ধ বোরো ধানের বীজ বিতরণ ও প্রশিক্ষণ প্রদান

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. মোঃ জামাল উদ্দীন উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা সদর ও হারভেস্টপ্লাস আয়োজনে প্রগতিশীল চাষিদের মাঝে জিংকসমৃদ্ধ বোরো ধানের বীজ বিতরণ ও প্রশিক্ষণ প্রদান অনুষ্ঠিত হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পাবনা সদর উপজেলাস্থ প্রশিক্ষণ হলে ০৫ নভেম্বর ২০২৪ এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা। এসময় আরো উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনার জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষিবিদ মোঃ সাইফুল ইসলাম; অতিরিক্ত উপপরিচালক (শস্য) কৃষিবিদ মোঃ রোকনুজ্জামান; হারভেস্টপ্লাস এর কান্ট্রি কোঅর্ডিনেটর মোঃ ওয়াহিদুল আমিন; ডিভিশনাল কোঅর্ডিনেটর জাকিউল হাসান; উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ কুন্তলা ঘোষ;, কৃষি তথ্য সার্ভিস, পাবনা'র সহকারী তথ্য অফিসার কৃষিবিদ মোঃ খালেদীন আনাম। উল্লেখ্য, প্রশিক্ষণে জনস্বাস্থ্য ও মাটির স্বাস্থ্য সংরক্ষণ, ফলন বৃদ্ধি এবং ফসল রক্ষায় প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ অন্যান্য বিষয়ে আলোচনা হয়।

প্রশিক্ষণ শেষে প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিবৃন্দ পাবনা সদর উপজেলাস্থ ১২২০ জন প্রগতিশীল কৃষকের মাঝে ৩ কেজি করে জিংকসমৃদ্ধ বোরো ধানের ব্রি ধান৭৪ এবং ব্রি ধান১০০ এর ৩৬৬০ কেজি বীজ বিতরণ করেন। অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা এর জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা, কৃষি তথ্য সার্ভিস, কৃষক, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক উপস্থিত ছিলেন। *মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা*

দেশব্যাপী জাতীয় ইঁদুর দমন অভিযান ২০২৪ উদযাপন

'ছাত্র শিক্ষক কৃষক ভাই, ইঁদুর দমনে সহযোগিতা চাই' এ প্রতিপাদ্য সামনে রেখে প্রতি বছরের ন্যায় এবারও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর দেশব্যাপী জাতীয় ইঁদুর দমন অভিযান ২০২৪ অনুষ্ঠিত হয়

ফরিদপুর

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মঞ্জুরুল হক অতিরিক্ত পরিচালক, ডিএই, ফরিদপুর

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুর অঞ্চল, ফরিদপুর জেলা ও সদর উপজেলার উদ্যোগে ইঁদুর দমন অভিযান-২০২৪ উপলক্ষে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামার বাড়িতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুরের উপপরিচালক, মোঃ শাহাদুজ্জামান এর সভাপতিত্বে অলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুর অঞ্চল ফরিদপুরের অতিরিক্ত পরিচালক, মোঃ মঞ্জুরুল হক। অনুষ্ঠানে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন অতিরিক্ত উপপরিচালক (উদ্ভিদ সংরক্ষণ) কৃষিবিদ মোহাম্মদ বিন ইয়ামিন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ীর উপপরিচালক কৃষিবিদ ড. মোঃ শহিদুল ইসলাম, শরীয়তপুরের উপপরিচালক কৃষিবিদ মোস্তফা কামাল হোসেন, মাদারী পুরের উপপরিচালক ড. সন্তোষ চন্দ্র। অনুষ্ঠান শেষে ইঁদুর নিধনের জন্য বিভিন্ন ক্যাটাগরিতে ১০ জনকে পুরস্কৃত করা হয়। (রবিবার ২৭ অক্টোবর ২০২৪)

আসাদুল্লাহ, কৃতসা, ফরিদপুর

ঝালকাঠি

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আশরাফুর রহমান জেলা প্রশাসক, ঝালকাঠি

ঝালকাঠিতে ইঁদুর নিধন অভিযান উদ্বোধন করলেন জেলা প্রশাসক। ২৩ অক্টোবর ২০২৪ জেলা প্রশাসকের সভাকক্ষে এ উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক জনাব আশরাফুর রহমান। সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ দপ্তরের উপপরিচালক মো. মনিরুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. কাওছার হোসেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, ক্ষতির দিক বিবেচনায় ইঁদুর অত্যন্ত ভয়ানক এক প্রাণী। এশিয়া মহাদেশের ১৮ কোটি মানুষের এক বছরের খাবার এরা খেয়ে এবং কেটেকুটে নষ্ট করে ফেলে। আর আমাদের দেশের ৫৫ হাজার লোকের খাদ্য নষ্ট করে। এর টাকার অংক দাঁড়ায় ৫০০ কোটি প্রায়। এমন অবস্থা থেকে পরিত্রাণের জন্য এদের দমন জরুরি। ইঁদুরের আক্রান্ত খাবার রক্ষা করতে পারলে আমাদের অনেক খাদ্যশস্য বিদেশে রপ্তানি করা সম্ভব হবে। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি জেলার সর্বোচ্চ ইঁদুর নিধনকারীর হাতে পুরস্কার তুলে দেন।

নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল

রাজশাহী

রাজশাহী অঞ্চলে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মাহামুদুল ফারুক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ইঁদুর দমনে অংশগ্রহণকারীদের পুরস্কার বিতরণ করেন

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে রাজশাহী অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালকের অডিটোরিয়ামে রাজশাহী অঞ্চলে ইঁদুর দমন অভিযান উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী অঞ্চলে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মাহামুদুল ফারুক। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রাজশাহী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মোছা: উম্মে ছালমা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কৃষিবিদ শামসুদ্দিন মিঞা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের রাজশাহী অঞ্চলের অতিরিক্ত পরিচালকের কার্যালয়ের উপরিচালক কৃষিবিদ ড. মো. মোতালেব হোসেন প্রমুখ।

অনুষ্ঠানে ইঁদুর নিধন অভিযান-২০২৩ সালের রাজশাহী অঞ্চলে চারজন কৃষক বেশি সংখ্যক ইঁদুর দমন করায় পুরস্কৃত হন। অনুষ্ঠানে আলোচকগণ জানান, খরা, বন্যা, ঝড়, জলোচ্ছ্বাস প্রভৃতি কারণে প্রতি বছরই কমবেশি ফসলহানি ঘটে। এ ছাড়া ইঁদুর দ্বারা মাঠের এবং গুদামের অনেক ফসল নষ্ট হয়। ইঁদুর যা খায়, তার চেয়ে বেশি নষ্ট করে। এ সময় ইঁদুরের ব্যাপক ক্ষতি থেকে ফসল রক্ষা করার পাশাপাশি ইঁদুর দমন কার্যক্রমকে আরও জোরদার করার আহ্বান জানান। (৩০ অক্টোবর ২০২৪)

এমদাদুল হক, কৃতসা, রাজশাহী

কুমিল্লা

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুমিল্লা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ আক্তারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ইঁদুর দমনে অংশগ্রহণকারীদের পুরস্কার বিতরণ করেন

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা জেলা ও আদর্শ সদর উপজেলা, কুমিল্লার উদ্যোগে ২৭ অক্টোবর ২০২৪ ডিএই, কুমিল্লার উপপরিচালকের প্রশিক্ষণ হলে জাতীয় ইঁদুর দমন অভিযান ২০২৪-এর উদ্বোধন ও ২০২৩-এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ আক্তারুজ্জামান। সভাপতিত্ব করেন ডিএই, কুমিল্লা জেলার উপপরিচালক, কৃষিবিদ আইউব মাহমুদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, সদ্য পদোন্নতি প্রাপ্ত অতিরিক্ত পরিচালক, কৃষিবিদ মোঃ আমজাদ হোসেন, শাহনাজ রহমান, উপপরিচালক (সংস্থাপন ও উন্নয়ন) ডিএই, কুমিল্লা অঞ্চল প্রমুখ। অনুষ্ঠানে বক্তারা বলেন, প্রতি বছর কৃষকের উৎপাদিত ফসলের একটি বড় অংশ ইঁদুর দ্বারা নষ্ট হয়। তাই ইঁদুর দমনের ক্ষেত্রে সামাজিক আন্দোলন এখন সময়ের দাবি। অনুষ্ঠানে কৃষক, সরকারী প্রতিষ্ঠান, উপসহকারি কৃষি কর্মকর্তা এবং উপজেলা কৃষি কর্মকর্তা পযায়ে পুরস্কার প্রদান করা হয়।

মোঃ মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা

ফরিদপুরে তিন দিনব্যাপী উপসহকারী কৃষি অফিসারদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

বাংলাদেশের চর এলাকায় আধুনিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণ প্রকল্প এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি ফরিদপুরের আয়োজনে ডিএই এর

হলরুমে ২৯-৩১ অক্টোবর ২০২৪ তিন দিনব্যাপী উপসহকারি কৃষি অফিসারদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। তিন দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুর অঞ্চল ফরিদপুরের অতিরিক্ত পরিচালক, মোঃ মঞ্জুরুল হক; কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুরের উপপরিচালক, মোঃ শাহাদুজ্জামান; কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুরের অতিরিক্ত এরপর পৃষ্ঠা ৬ কলাম ১

পাবনায় উদ্যোগী ও অগ্রসর কৃষকদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ আবু মোঃ এনায়েত উল্লাহ অতিরিক্ত পরিচালক, অর্থ ও প্রশাসন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা

আধুনিক কৃষি প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে রাজশাহী বিভাগের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় উদ্যোগী ও অগ্রসর কৃষকদের ০২ দিনব্যাপী প্রশিক্ষণের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। ২২ অক্টোবর ২০২৪ উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনার প্রশিক্ষণ হলে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অর্থ ও প্রশাসন উইং, খামারবাড়ি, ঢাকার অতিরিক্ত পরিচালক কৃষিবিদ আবু মোঃ এনায়েত উল্লাহ। প্রধান অতিথি বক্তব্যে বলেন এক সময় ৩৩ শতাংশ জমিতে ৫ মণ ধান উৎপাদন হতো। বিজ্ঞানীদের গবেষণায় জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং সম্প্রসারণের ফলে শতাংশ প্রতি ১ মণ হারে ধান উৎপাদন করা সম্ভব হচ্ছে। ফলন বৃদ্ধি ও টেকসই করতে ফসল উৎপাদনের পর্যায়ভিত্তিক প্রযুক্তি অনুসরণ করা খুবই গুরুত্বপূর্ণ। প্রধান প্রধান ফসলের ফলন পার্থক্য কমাতে গবেষণার কৌশলসমূহ মেনে সুষ্ঠু ব্যবস্থাপনা করা দরকার। প্রধান অতিথি আরো বলেন, খোরপোষের কৃষি থেকে বেরিয়ে এসে বাণিজ্যিক এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

সিলেট ও সুনামগঞ্জ জেলার বার্ষিক কর্ম পরিকল্পনা

শেষ পাতার পর

অঞ্চল, সিলেটের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মো. মতিউজ্জামান এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা অনুবিভাগের অতিরিক্ত সচিব মো. মাহবুবুল হক পাটোয়ারী।

প্রধান অতিথি বক্তব্যে বলেন কৃষি খাতে সিলেট অঞ্চলে ৫০০ কোটি টাকার প্রকল্প কিছুদিনের মধ্যে পাস হচ্ছে। এ প্রকল্পটি বাস্তবায়ন করেবে বিএডিসি। সিলেট অঞ্চলে প্রধান সমস্যা সেচ ব্যবস্থাপনা, প্রকল্পটি চালু হলে কৃষকরা উপকৃত হবেন। তিনি আরো বলেন সিলেট অঞ্চলে পতিত জমিকে চাষের আওতায় আনতে ইতোমধ্যে চলমান আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে কৃষি আধুনিক প্রযুক্তি সম্প্রসারণে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে। ফলে আজ সিলেটে পতিত জমির সংখ্যা অনেকটাই হ্রাস পেয়েছে। এ ধারা অব্যাহত রাখতে কৃষি উন্নয়নে সংশ্লিষ্টদের আরো আন্তরিক হতে হবে। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক কৃষিবিদ মো. রকিব উদ্দিন।

আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্পের সিনিয়র মনিটরিং অফিসার কৃষিবিদ আব্দুল মন্নান এর সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা-২ অধিশাখার যুগ্ম সচিব মোহাম্মদ এনামুল হক; ডিএই, খামারবাড়ি ঢাকার উদ্ভিদ সংগনিরোধ উইং এর অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মো. হজরত আলী; কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট সিলেট এর অধ্যক্ষ কৃষিবিদ ড. কাজী মো. মজিবুর রহমান।

দিনব্যাপী কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সিলেট ও সুনামগঞ্জ জেলার ডিএই, এআইএস, ব্রি, এসআরডিআই, বিনা, বিএডিসি, কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ এবং সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তাবৃন্দ ও প্রগতিশীল কৃষকবৃন্দ অংশগ্রহণ করেন।

মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট

পুষ্টি কর্নার : আমলকী

আমলকীতে প্রচুর পরিমাণে ভিটামিন সি ও ক্যালসিয়াম রয়েছে। খাদ্যোপযোগী প্রতি ১০০ গ্রাম আমলকীতে মোট খাদ্যশক্তি ৪৪ কিলোক্যালরি, পানি ৮৬.৭, আমিষ ০.৮ গ্রাম, চর্বি ০.১ গ্রাম, শর্করা ৮.৩ গ্রাম, খাদ্যআঁশ ৩.৪, ক্যালসিয়াম ৩২ মিলিগ্রাম, লৌহ ০.৯ মিলিগ্রাম, জিংক-০.৩০ মিলিগ্রাম, ভিটামিন -এ ১ মিলিগ্রাম, থায়ামিন ০.০২ মিলিগ্রাম, রাইবোফ্লাবিন ০.০৮ মিলিগ্রাম, ভিটামিন সি ৪৫৩.৪ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। আমলকীর রস যকৃৎ, পেটের পীড়া, হাঁপানি, কাশি, বহুমূত্র, অজীর্ণ ও জ্বর নিরাময়ে বিশেষ উপকারী। আমলকীর রসের শরবত জন্ডিস, বদহজম ও কাশির হিতকর। বাংলাদেশে বাউ আমলকী-১ ও বারি আমলকী-১ নামে আমলকীর দুটি অনুমোদিত জাত রয়েছে। ত্রিফলার এক ফল হিসেবে বেশজনপ্রিয় এবং প্রয়োজনীয়। কেটে শুকিয়ে দীর্ঘদিন সংরক্ষণ করা যায়। মুখের রুচি ও হজমশক্তি বাড়াতে ব্যবহৃত হয়।

সূত্র: কৃষি ডাইরি, কৃষি তথ্য সার্ভিস

ফরিদপুরে তিন দিনব্যাপী উপসহকারী কৃষি

পঞ্চম পাতার পর

উপপরিচালক (উদ্যান) মোঃ রকিবুল ইসলাম; কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুরের অতিরিক্ত উপপরিচালক (পিপি) মোহাম্মাদ বিন-ইয়ামিন; কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুরের অতিরিক্ত উপপরিচালক (শস্য) মোঃ রইচ উদ্দিন।

প্রশিক্ষণে প্রকল্প পরিচিতি, লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যক্রমের উপর আলোচনা; খামারি অ্যাপ এর পরিচিতি ও ব্যবহার সম্পর্কে আলোচনা; ভুট্টা ফসলের জাতসহ বিভিন্ন ফসলের উৎপাদন প্রযুক্তি, রোগ ও পোকামাকড় বালাই ব্যবস্থাপনা বিষয়ের উপর প্রশিক্ষকগণ প্রশিক্ষণ প্রদান করেন। উক্ত প্রশিক্ষণে ফরিদপুর জেলার ফরিদপুর সদর, চরভদ্রাসন, সদরপুর মধুখালী উপজেলার উপসহকারি কৃষি অফিসার অংশগ্রহণ করেন।

আসাদুল্লাহ, কৃতসা, বরিশাল

কৃষি মন্ত্রণালয়ে Voluntary National Reviews

প্রথম পাতার পর

অতিরিক্ত সচিব জনাব ড. মো. মাহমুদুর রহমান, যুগ্ম সচিব জনাব মোসাম্মৎ জোহরা খাতুন, উপসচিব জনাব মোহাম্মদ তারিকুল ইসলাম, এবং কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর সংস্থার এসডিজির ফোকাল কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য, টেকসই উন্নয়ন অভীষ্ট ২ (ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই কৃষির প্রসার) লক্ষ্যমাত্রা অর্জনে কৃষি মন্ত্রণালয় লিড মন্ত্রণালয় হিসেবে কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

কৃষিবিদ ফেরদৌসী বেগম, ফোকাল পয়েন্ট (এসডিজি), কৃতসা, ঢাকা

পাটের হারানো গৌরব ফিরিয়ে আনতে কাজ

প্রথম পাতার পর

উল্লেখ করে বলেন, পাটের ভবিষ্যৎ অবশ্যই আছে, এর বহুল ব্যবহার করার সুযোগ রয়েছে। পাটশাক, পাটের চাও খাওয়া যায়।

পাট ও পাটজাত দ্রব্য রপ্তানি করে দেশে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন হতো-উল্লেখ করে মাননীয় কৃষি উপদেষ্টা বলেন, এখন আর সেই দিন নেই। কৃষক অন্য কিছু উৎপাদন করে লাভবান হয়, তাই পাট চাষে আগ্রহী হয় না। তাই কিভাবে পাটের উৎপাদন বাড়ানো যায়, তা নিয়ে আজকে এ সম্পর্কিত বিজ্ঞানীদের সাথে আলোচনা হয়েছে। বিজ্ঞানীরা এখন পর্যন্ত ৫৬ ধরনের পাটজাত আবিষ্কার করেছেন। পাটের হারানো গৌরব ফিরিয়ে আনতে সরকার সচেষ্ট। পাট চাষে কৃষককে উৎসাহিত করার উপর গুরুত্ব দেন মাননীয় কৃষি উপদেষ্টা।

সরকার পলিথিন ব্যবহার বন্ধে শক্ত অবস্থানে রয়েছে উল্লেখ করে উপদেষ্টা বলেন, ইতোমধ্যে বাজারে পলিথিনের ব্যবহার অনেক কমে গেছে। আগামীতে পুরোপুরিই বন্ধ হয়ে যাবে, হয়তো কিছু সময় দিতে হবে। তিনি আরও বলেন, পলিথিন বন্ধ করে এর বিকল্প হিসেবে পাটের তৈরি ব্যাগ বাজারজাতের চেষ্টা করা হচ্ছে। বিভিন্ন ধরনের পাটের ব্যাগ নমুনা হিসেবে তৈরি করা হয়েছে। এখন চেষ্টা করা হচ্ছে কিভাবে কম দামে পাটের ব্যাগ সরবরাহ করা যায়। মতবিনিময়কালে মাননীয় কৃষি উপদেষ্টা পাটবীজ উৎপাদন বাড়ানো, সাশ্রয়ী মূল্যে পাটজাত দ্রব্য সরবরাহের উপায় খোঁজা, কৃষকদের জন্য পাটচাষ লাভজনক করার উপর গুরুত্ব দিয়ে কাজ করার জন্য বিজ্ঞানী ও কর্মকর্তাদের নির্দেশনা দেন।

সংবাদ বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

বার্ষিক গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা অনুষ্ঠিত

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ড. মো. মাহমুদুর রহমান অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়

দিনাজপুর গম ও ভুট্টা গবেষণা কেন্দ্রের অডিটরিয়ামে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. সালাহউদ্দিন আহমেদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মো. মাহমুদুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সরেজমিন উইং পরিচালক মো. মোজদার হোসেন এবং গম ও ভুট্টা গবেষণা ইনষ্টিটিউটের পরিচালক ড. আলমগীর হোসেন মিয়া। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ মাহফুজ বাজ্জাজ প্রমুখ। প্রধান অতিথি ড. মোঃ মাহমুদুর রহমান বলেন, দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে বেশি বেশি করে আধুনিক জাতের গম ও ভুট্টার বীজ উদ্ভাবন করতে হবে এবং বিদেশি আমদানি নির্ভরতা কমাতে হবে। উদ্ভাবিত বীজ প্রান্তিক পর্যায় কৃষকদের মাঝে ছড়িয়ে দিলে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে (২৬ অক্টোবর ২০২৪)।

কৃষিবিদ মোঃ শাহাদৎ হোসেন, কৃতসা, রংপুর

পাটের ব্যবহার বাড়াতে হবে

শেষ পাতার পর

এসব কথা বলেন। পাটের গবেষণার কথা উল্লেখ করে সম্মানিত সচিব বলেন, পাটের আশেঁর মান উন্নত এবং বহুমুখী পাট পণ্য তৈরি করে পাটের ব্যবহার বৃদ্ধি করা যায় সেদিকে জোর দিয়ে গবেষণা করার পরামর্শ দেন।

সচিব উদ্যোক্তাদের সমর্থনে পাটকে কৃষি পণ্যের পাশাপাশি টেক্সটাইল শিল্পে রূপান্তরসহ বিভিন্ন পরিকল্পনা বাড়ানোর উপর তাগিদ দেন। আগামী ২০ বছরে পাটের গবেষণা কার্যক্রমের কর্মপরিকল্পনার একটি রোডম্যাপ তৈরি করারও তাগিদ দেন। বিজেআরআইর মহাপরিচালক ড. নার্গীস আক্তারের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএডিসির চেয়ারম্যান মোঃ রুহুল আমিন খান, (গ্রেড-১), কৃষি মন্ত্রণলায়ের অতিরিক্ত সচিব আফসারী খানম, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী পরিচালক ড. নাজমুন নাহার করিম।

সংবাদ বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

কৃষি বিষয়ক তথ্য জানতে কল করুন

১৬১২৩ নম্বরে

সকাল ৮ টা থেকে রাত ৮ পর্যন্ত

(শুক্রবার ও অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত)

বাংলাদেশের কীটনাশক নীতির জন্য গুরুত্বপূর্ণ

তৃতীয় পাতার পর

বিভাগ, শেরে-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষিবিদ ড. মো. সাহিনুল ইসলাম, পরিচালক, প্রশাসন ও অর্থ ইউং; কৃষিবিদ ড. মোহাম্মদ মাহবুবুর রশীদ, উপপরিচালক (প্রশাসন); কৃষিবিদ হাসান ইমাম, উপপরিচালক (রপ্তানি) উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা; কৃষিবিদ ড. মোহাম্মদ কাজী মজিবুর রহমান, অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, খাদিমনগর, সিলেট।

খালেদা খানম, সিনিয়র ম্যানেজার, পলিসি এক্টিভিটি এর সঞ্চালনায় শুধীজনদের শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য প্রদান করেন মাহমুদ হাসান, পরিচালক, ফিড দ্য ফিউচার বাংলাদেশ পলিসি লিংক এগ্রিকালচারাল পলিসি অ্যাক্টিভিটি; টেকসই কৃষি প্রবৃদ্ধি চালনা করার জন্য একটি শক্তিশালী এবং সুসঙ্গত কীটনাশক নীতি কাঠামোর প্রয়োজনীয়তার উপর জোর দিয়ে কর্মশালার উদ্বোধন করেন। উক্ত কর্মশালায় কৃষি মন্ত্রণালয়াধীন সিলেট অঞ্চলের বিভিন্ন দপ্তরের কৃষি কর্মকর্তা, বিজ্ঞানী, প্রকৌশলী, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, এনজিও প্রতিনিধি, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ স্টেকহোল্ডার উপস্থিত ছিলেন।

মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট

কৃষি উপদেষ্টার সাথে অস্ট্রেলিয়ার হাইকমিশনারের

প্রথম পাতার পর

আরও বাড়ানো সম্ভব। বিশেষ করে শাক সবজি, আম এসব রপ্তানি বাড়ানো যায়। অস্ট্রেলিয়ার কৃষিখাতের পরিধি অনেক, আমাদের দেশ থেকে ক্ষ শ্রমিক নেয়ার বিষয়টি ইতিবাচকভাবে বিবেচনা করা যেতে পারে বলে উপদেষ্টা যোগ করেন।

মাননীয় কৃষি উপদেষ্টা কৃষি বিষয়ে গবেষণা জোরদারে গবেষকদের বৃত্তির মাধ্যমে উচ্চশিক্ষার সুযোগ প্রদান করতে অস্ট্রেলিয়ার প্রতিনিধিদলকে জানান। পাশাপাশি কারিগরি প্রশিক্ষণেও সহযোগিতা আশা করেন। মিয়ানমার হতে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জনগোষ্ঠীর সংখ্যা ক্রমান্বয়ে বাড়ছে উল্লেখ করে এ বিষয়ে সহযোগিতা বাড়ানোর পাশাপাশি কিছু সংখ্যক রোহিঙ্গাকে অস্ট্রেলিয়ায় নেয়ার জন্যও জানান।

হাইকমিশনার কৃষি পণ্য আমদানিতে তার দেশের আগ্রহের কথা জানিয়ে নির্দিষ্ট প্রটোকল মেনে পরিশোধন করে পণ্যের মান নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। হাইকমিশনার কৃষি গবেষণা ও কারিগরি প্রশিক্ষণে আরও সহযোগিতা বাড়ানোর কাজ করবেন বলে জানান।

এসময় কৃষি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। (১০ নভেম্বর ২০২৪)

সংবাদ বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

পাবনায় উদ্যোগী ও অগ্রসর কৃষকদের

পঞ্চম পাতার পর

ও রপ্তানি নির্ভর কৃষিতে অগ্রসর হতে হবে। এজন্য উত্তম কৃষি চর্চার মাধ্যমে ফসল উৎপাদনের অভ্যাস গড়ে তুলতে হবে। জনস্বাস্থ্য ও মাটির স্বাস্থ্য সংরক্ষণে মাটি পরীক্ষা করে সার প্রদান ও বালাইনাশক সুষ্ঠু ব্যহারের প্রতি গুরুত্বারোপ করেন। প্রশিক্ষণ হতে আহরিত প্রযুক্তিভিত্তিক জ্ঞানকে মাঠ পর্যায়ে বাস্তবায়নের প্রতি প্রশিক্ষণার্থীদের আহ্বান জানান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষিবিদ ড. মোঃ জামাল উদ্দীন, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা। কৃষিবিদ মোঃ সজীব আল মারুফ, উপজেলা কৃষি অফিসার, আটঘরিয়া এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ সাইফুল আজম খান, অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা; কৃষিবিদ এ কে এম হাসিবুল হাসান, উপপরিচালক (লিসাসা), অর্থ ও প্রশাসন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, ঢাকা; কৃষিবিদ মোঃ সাইফুল ইসলাম, জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা। ০২ দিনব্যাপী প্রশিক্ষণে পাবনা জেলার উদ্যোগী ও অগ্রসর কৃষক অংশগ্রহণ করেন।

মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা

গোলাপি ড্রাগন চাষে সাড়া ফেলেছেন কিশোরগঞ্জের পাকুন্দিয়ার আবুল বাশার

সবুজের সমারোহে গোলাপি আভা যেন এক নৈসর্গিক সৌন্দর্যের মেলবন্ধন। আর এই নৈসর্গিক সৌন্দর্যের দেখা মিলেছে কিশোরগঞ্জ জেলার পাকুন্দিয়া উপজেলার তারাকান্দি গ্রামে। কিশোরগঞ্জ জেলার আনাচে কানাচে অনেক ড্রাগন বাগান গড়ে উঠেছে। এরই ধারাবাহিকতায় পাকুন্দিয়া উপজেলায় তারাকান্দি ব্লকের চরটেকি গ্রামে বাণিজ্যিকভাবে ১৮.৫০ হেক্টর জমিতে ড্রাগন ফল চাষ করা হচ্ছে। বাড়ির ছাদ, আঙ্গিনা ও উচু জমিতে এ ফলের চাষ করা যায় বিধায় পুষ্টি সমৃদ্ধ এ ফলের চাষ দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

উপজেলা কৃষি অফিসার নুর-ই-আলম বলেন উপজেলা কৃষি অফিস থেকে কৃষকদের চাষ সংক্রান্ত পরামর্শ ও নানাবিধ সহায়তা করা হচ্ছে। ড্রাগন ফল চাষ করে আবুল বাশারের মতো

গোলাপি ড্রাগন চাষ করে সাড়া ফেলেছেন অবসরপ্রাপ্ত সেনা সদস্য আবুল বাশার। সেনাবাহিনী থেকে ২০১৫ সালে অবসর গ্রহণ করার পরে অনেকটা শখের বশে ড্রাগন বাগান করার উদ্যোগ গ্রহণ করেছিলেন আবুল বাশার। প্রাথমিকভাবে এক আত্মীয় এর কাছ থেকে গাছ সংগ্রহ করেন তিনি। এটিতে ভাল সফলতা আসায় তিনি বেশ উৎসাহী হন। প্রথমে দশ শতাংশ ও পরবর্তীতে আরও দশ শতাংশ জমিতে তিনি ড্রাগন চাষ করেন। ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তাবৃদ্ধি প্রকল্প ও উপজেলা কৃষি অফিসের সহায়তায় তিনি এ বাগান গড়ে তোলেন।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক আবুল কালাম আজাদ বলেন "কিশোরগঞ্জ জেলায় মোট আরও কৃষক সাবলম্বী হোক এই প্রত্যাশা আমরা করি।

আবুল বাশারের বাগান সরজমিনে পরিদর্শন করে দেখা যায় প্রতিটি গাছে গোলাপী রঙের ড্রাগন ঝুলে আছে। তিনি জানান তার বাগানে ২০ শতাংশ জমিতে ড্রাগন গাছ আছে প্রায় আড়াই'শটি। প্রতিটি গাছে খরচ ৪০০-৫০০ টাকা। প্রতিটি গাছের সাথে সিমেন্টের তৈরী পিলার ও পিলারের মাথায় পরিত্যক্ত মাঝারি সাইজের টায়ার ব্যবহার করা হয়েছে। এছাড়া বাগানের চারপাশ দিয়ে পেঁপে গাছ ও মাঝে বিভিন্ন প্রজাতির শাক চাষ করা হয়েছে। বছরে চার থেকে পাঁচ বার ফল সংগ্রহ করা হয়। প্রতিবারে তিনি দুই থেকে আড়াইলক্ষ টাকার ফল বিক্রি করেন। গত বছর তিনি আয় করেছেন ১২ লক্ষ টাকা।

কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা

প্রিয় পাঠক, এখন থেকে অনলাইনে কৃষিকথা'র গ্রাহক হতে পারবেন। অনলাইনে গ্রাহক হতে QR কোড স্ক্যান করুন।

কৃষি উপদেষ্টার সাথে নরওয়ে রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) সাথে মন্ত্রণালয়ে তাঁর অফিসকক্ষে বাংলাদেশ নরওয়ের রাষ্ট্রদূত (Hakon Arald Gulbrandsen) সাক্ষাৎ করেন (মঙ্গলবার, ৫ নভেম্বর ২০২৪)। -পিআইডি

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) এর সাথে বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত হ্যাকন অ্যারাল্ড গুলব্র্যান্ডসেন (Hakon Arald Gulbrandsen) এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল রাজধানীর সচিবালয়স্থ কৃষি মন্ত্রণালয়ে তাঁর অফিস কক্ষে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে খাদ্য নিরাপত্তা, জলবায়ু, বন্যায় ফসলের ক্ষয়ক্ষতি, দেশের আইন শৃঙ্খলা, পুলিশ ও রোহিঙ্গাসহ বিভিন্ন বিষয়ে আলোকপাত হয়। শুরুতে কৃষি উপদেষ্টা নরওয়ের প্রতিনিধিদলকে স্বাগত জানান। মাননীয় কৃষি উপদেষ্টা বলেন, সাম্প্রতিক বন্যায় দেশে খাদ্য শস্যের উৎপাদন অনেক ক্ষতিগ্রস্ত হয়েছে। শস্যহানির কারণে কিছু কিছু খাদ্যশস্য কেনা হবে।

নরওয়ের রাষ্ট্রদূত খাদ্য নিরাপত্তা বিষয়ে সরকারের সাথে নিবিড়ভাবে কাজ করার আগ্রহ জানালে মাননীয় কৃষি উপদেষ্টা তাকে ধন্যবাদ জানান এবং এ বিষয়ে কৃষি মন্ত্রণালয় তথা সরকারেরও আগ্রহের কথা ব্যক্ত করেন। মাননীয় কৃষি উপদেষ্টা কৃষি ও মৎস্যখাতে বাংলাদেশ থেকে তরুণ গবেষক নেওয়ার জন্য নরওয়েকে অনুরোধ করেন। রাষ্ট্রদূত এ বিষয়ে আন্তরিকভাবে কাজ করবেন বলে উপদেষ্টাকে আশ্বাস দেন। নরওয়ের রাষ্ট্রদূত নাইট্রোজেন সার রপ্তানিতে তার দেশের আগ্রহের কথা জানালে মাননীয় কৃষিউপদেষ্টা জানান, দেশে সারের চাহিদা রয়েছে। আমরা নিয়মিত বিভিন্ন দেশ থেকে সার আমদানি করছি, নরওয়েও চাইলে জিটুজি বা বেসরকারি খাতের মাধ্যমে সার রপ্তানি করতে পারে।

নরওয়ের রাষ্ট্রদূত বলেন, দুই দেশের পারস্পরিক সম্পর্ক, উন্নয়ন সহযোগিতা ও বাণিজ্যিক সম্পর্কের দীর্ঘ ইতিহাস রয়েছে। নরওয়ের বিভিন্ন কোম্পানি বাংলাদেশে কাজ করতে আগ্রহী। রাষ্ট্রদূত জলবায়ুজনিত অভিযোজন, শস্যের বহুমুখীকরণ, এক ফসলি জমিতে দুই বা ততোধিক ফসল চাষ ও মৎস্যখাতে একযোগে কাজ করার বিষয়ে বাংলাদেশকে সহযোগিতা করার আগ্রহের কথা জানান।

সংবাদ বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

পাটের ব্যবহার বাড়াতে হবে - কৃষি সচিব

কর্মশালায় বক্তব্যরত প্রধান অতিথি ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান সম্মানিত সচিব, কৃষি মন্ত্রণালয়

কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বলেছেন, পাটের ব্যবহার বাড়াতে হবে। এ বিষয়ে গবেষণা কার্যক্রম বাড়ানো দরকার। কৃষি সচিব আজ ১৭ অক্টোবর ২০২৪ রাজধানীর পাট গবেষণা ইনস্টিটিউটের (বিজেআরআই) মানিক মিয়া এভিনিউস্থ প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে বিজেআরআই কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর ও বার্ষিক কৃষি গবেষণা পর্যালোচনা কর্মশালা-২০২৪ এ প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে

এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

সিলেট ও সুনামগঞ্জ জেলার বার্ষিক কর্ম পরিকল্পনা বাস্তবায়ন কৌশল বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

কর্মশালায় বক্তব্যরত প্রধান অতিথি জনাব মো. মাহবুবুল হক পাটোয়ারী, অতিরিক্ত সচিব পরিকল্পনা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়

সিলেট নগরীর মেহেদীভাগস্থ হোটেল গ্র্যান্ড সুরমা এর কনফারেন্স রুমে আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি ঢাকা কর্তৃক আয়োজিত আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে জেলাপর্যায়ে বার্ষিক কর্ম পরিকল্পনা বাস্তবায়ন কৌশল বিষয়ক ২৬ অক্টোবর ২০২৪ তারিখে দিনব্যাপী কর্মশালায় অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট

এরপর পৃষ্ঠা ৫ কলাম ১

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd